

য জেলায়

বিদেশি পর্যটকদের সুবিধার্থে

মায়াপুরে আন্তর্জাতিক মানের জেটি গড়ে তুলবে জেলা প্রশাসন

বিএনএ, কৃষ্ণনগর: পর্যটকদের যাতায়াতের সুবিধার্থে মায়াপুরে আন্তর্জাতিক মানের জেটি গড়ে তুলবে জেলা প্রশাসন। নদী পথে আসা পর্যটকদের জন্য একটি রিসেপশন সেন্টার হবে ভাগীরথীর প্রভুপাদ ঘাটে। চৈতন্যধাম মায়াপুরে দেশ ও বিদেশের আরও বেশি সংখ্যক পর্যটক টানার লক্ষে এই উদ্যোগ নিয়েছে প্রশাসন। পর্যটকদের কথা মাথায় রেখেই প্রভুপাদ ঘাটে জেটি বসানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। কয়েক বছর আগেও পর্যটন দপ্তর মায়াপুরের প্রভুপাদ ঘাটে জেটি গড়ার পরিকল্পনা নিয়েছিল। কিন্তু নদীতে চর জেগে ওঠায় পরিকল্পনা ভেঙে যায়। ওই ঘাটে

ফের জেটি গড়ার পরিকল্পনা নিয়েছে জেলা প্রশাসন। এজন্য রাজ্য পর্যটন দপ্তর ৬কোটি ২৫লক্ষ টাকা বরাদ্দ করেছে।

সম্প্রতি ওই টাকা অনুমোদন হয়েছে। জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, ভাগীরথীর মায়াপুরের প্রভুপাদ ঘাটে জেটির দাবি অনেক দিন ধরেই রয়েছে। এই ঘাটে নৌকা থেকে নেমে যাত্রীরা বাঁশের মাচায় যাতায়াত করেন। তাতে প্রচুর ঝুঁকি থাকে। মায়াপুরে প্রতিদিন হাজার হাজার বিদেশি পর্যটকদেরও আনাগোনা রয়েছে। তাঁরা নৌকা করেই নবদ্বীপে যান, আবার সেখান থেকে জলপথেই ফেরেন। তাই পর্যটকদের কথা মাথায়

রেখেই প্রভুপাদ ঘাটে আন্তর্জাতিক মানের জেটি বসানোর পরিকল্পনা নেওয়া হয়েছে।

প্রশাসনিক কর্তারা জানান, পর্যটকদের সুবিধার্থে মায়াপুরের প্রভুপাদ ঘাটে একটি রিসেপশন সেন্টার খোলা হবে। পর্যটকরা সেখানে মায়াপুর বা নবদ্বীপ সংক্রান্ত নানা তথ্য জানতে পারবেন। ঐতিহ্যবাহী মঠ বা মন্দিরগুলি কীভাবে ঘুরবেন, তার নির্দেশিকাও মিলবে রিসেপশন সেন্টার থেকে। মায়াপুরের প্রভুপাদ ঘাটে জেটি বসানোর জন্য ২৫০০ বর্গমিটার এলাকা ড্রেজিং করা হবে নদীগর্ভে। যাত্রীদের সুবিধার্থে প্রভুপাদ ঘাট ৫০০ মিটার বাঁধানো হবে অত্যাধুনিক

পদ্ধতিতে। ঘাট থেকে মূল রাস্তা পর্যন্ত অ্যাপ্রোচ রোড হবে।

মায়াপুর ইসকনের জনসংযোগ আধিকারিক রসিক গৌরাজ দাস বলেন, মায়াপুরে জেটির দাবি অনেকদিন ধরেই রয়েছে। বিদেশি পর্যটকরা নৌকা থেকে বাঁশের মাচায় নেমে অসুবিধায় পড়েন। প্রভুপাদ ঘাটে জেটি গড়ে উঠলে পর্যটকদের আনাগোনা আরও বাড়বে। জেলা প্রশাসন জানিয়েছে, মায়াপুরে আন্তর্জাতিক মানের জেটি গড়ার জন্য ৬কোটি ২৫ লক্ষ টাকা অনুমোদন হয়ে গিয়েছে। খুব দ্রুত কাজ শুরু হবে। নৌকা, লঞ্চ, রিভার সাফারি সব কিছুই এখানে ভিড়তেও পারবে।

২৬/১১-২৬

২৬ জুলাই ২০১৬